

ফতওয়া নং ৩৫৩

প্রশ্ন:

আমাদের কবরস্থান এর ভিতরে কিছুটা জায়গাই জানাজা পড়ার ব্যবস্থা করতে চাইছে ঐ জায়গায় কবর হয়েছে নাকি ঠিক বলতে পারছে না কবরের কোন আলামত নেই তাহলে কি জানাজা পড়া যাবে ?

উত্তর:

সামনে নিকটে যদি কবর দৃষ্টি গোচর না হয়, তাহলে কবরস্থানে জানাযার নামায পড়া জাইয হলেও যে জায়গা দাফনের উদ্দেশ্যে ওয়াকফকৃত তার কোনো অংশ নামাযের জন্য এমনভাবে নির্দিষ্ট করে নেওয়া যে, সেখানে দাফনের কাজ ব্যাহত হয়, জাইয নেই। (ফাতাওয়া ক্বাসিমিয়াহ্ ৯/৬৭২ পৃষ্ঠা দ্রষ্টব্য)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
১৫ শে শাওয়াল, ১৪৪৫ হিজরী (25/04/2024)